

18/1/07
28

এসএসসি পরীক্ষায় পরিবর্তন আসছে ৫ বছরের রুটিন হবে একসঙ্গে

নিম্ন বার্তা পরিবেশক

দেশের সবচেয়ে বড় পাবলিক পরীক্ষা এসএসসি ও সমমানের পরীক্ষা গ্রহণের সময়সূচীতে কাপক পরিবর্তন আনা হচ্ছে।

এখন থেকে এসএসসি ও সমমানের পরীক্ষার পরবর্তী ৫ বছরের সময়সূচী একনঙ্গে প্রকাশ করা হবে। আর পরীক্ষা গ্রহণের সময়সূচী তিন মাস এগিয়ে এনে প্রতিবছর জানুয়ারি মাসে এসএসসি পরীক্ষা

গ্রহণের সিদ্ধান্ত নিতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। এ সংক্রান্ত পরিকল্পনা এখন প্রায় চূড়ান্ত পর্যায়ে। খুব শিগগিরই এ কাপকর বিভিন্ন শিক্ষা বোর্ডের বিশেষজ্ঞদের সম্মত নিয়ম নির্ধারণ রুটিন : পৃষ্ঠা : ১১ ক : ৭

রুটিন : এসএসসি (১ম পৃষ্ঠার পর)

জারি করা হবে। পরীক্ষার চারপ্রক্রমের অনুষ্ঠিতির সংখ্যা কমিয়ে এবং প্রশ্ন-উত্তর পাতের পূরণের সময়সীমা ৫ বছরের পরীক্ষার সময়সূচী অগ্রিম প্রকাশ করার নিয়ম চালু করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়।

নিয়ম অনুযায়ী বর্তমানে এসএসসি ও সমমানের পরীক্ষার সময়সূচী পরীক্ষা গ্রহণের এক-দেড় মাস আগে প্রকাশ করা হয়। এতে প্রতিবছরই পরীক্ষার সময়সূচী করে প্রকাশ করা হবে না করে থেকে পরীক্ষা শুরু হবে এনিম্নে পরীক্ষার্থী ও অভিভাবকদের টেনশনে থাকতে সশিপিগ মন্ত্রণালয় মনন করে পরীক্ষার্থীরা যদি আগামী ২/৩ বছর পর এসএসসি পরীক্ষা করে শুরু হবে তা জানা থাকলে প্রতিবছর বিষয়টিও গোপনীয় হয়ে পাবে বেশি।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, দীর্ঘদিন ধরে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয় মার্চ মাসে। এটিও পরীক্ষা গ্রহণের উপযুক্ত সময় না বলে মনে করা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ে এক প্রতিবেদনে জানা যায়, মার্চ মাসে অসহযোগিতা কারণে রোগব্যাধি বেশি হয়। এছাড়াও পরীক্ষার্থীদের রক্ত চাপ, টেনশন ইত্যাদি কারণে শারীরিক রোগ প্রতিরোধ তমত্যা কমে যায়। এ সময় জনবনহ, ইনফ্লুয়েন্সা, ইত্যাদি রোগ ব্যাপকভাবে সংক্রমিত হয়। ফলে অনেক পরীক্ষার্থী অসুস্থ থাকার কারণে পরীক্ষায় অংশ নিতে ব্যর্থ হয়। ৮ মার্চ অনুষ্ঠিত চলতি বছরের এসএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে নারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষায় ১০ লাখ ২৯ হাজার ৮৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৮৫৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেনি। নানা ধরনের অসুস্থতার জন্য এদের বেশিরভাগ পরীক্ষার ফলে আবেদন বলে জানানো হয়েছে ওই প্রতিবেদনে। তিনগুণ পরীক্ষার্থী অসুস্থতা নিয়ে পরীক্ষা দেয়। ফলে তার পরীক্ষায় ভাল ফল লাভে ব্যর্থ হয়।

প্রতিবেদনে বলা হয়, পরীক্ষার সময় জানুয়ারি মাসের প্রথম দিকে এগিয়ে আনতে পারলে এ অবস্থা কিছুটা এড়ানো সম্ভব। এজন্য আগামীতে পরীক্ষার সময় তিন মাস এগিয়ে জানুয়ারি মাসে করা হলে পরীক্ষার্থীদের অনেক সুবিধা হবে। তবে এক বছরেই তিন মাস এগিয়ে না এনে ৩/৪ বছর ১৫ দিন করে এগিয়ে আনা হলে চারপ্রক্রমী অভিভাবক এবং স্থল কর্তৃপক্ষের কোন অসুবিধা হবে না।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের চিঠি দিয়ে আগামী ৫ বছরের পরীক্ষার সময়সূচী প্রকাশ করতে বলা হবে। সে সময়সূচী পাওয়ার পর তা প্রকাশপন হিসেবে জারি করা হবে।

এ ব্যাপারে জানতে চাইলে ঢাকা বোর্ডের এক কর্মকর্তা 'সংবাদকে' বলেন, এমন একটি পরিকল্পনা করা হলে তা পরীক্ষার্থীদের জন্য ভাল হবে। তিনি বলেন, এখন যে সময়ে পরীক্ষা নেয়া হচ্ছে তা খুব একটি উপযুক্ত সময় না। বছরের শুরুতে এ পরীক্ষা গ্রহণ করা হলে তা স্থল কর্তৃপক্ষের জন্য এবং শিক্ষা বোর্ডগুলোর জন্য বিশেষ সুবিধা হবে।

এসএসসি পরীক্ষার সময়সূচী ৫ বছর আগে জানিয়ে দেয়া এবং বছরের শুরুতে শিক্ষা পরীক্ষা গ্রহণের সুবিধা-অসুবিধার কথা জানতে চাইলে শিক্ষক সমিতির সভাপতি মাসুদুল আলম বলেন, বছরের শুরুতে পরীক্ষা নিতে পারলে সুবিধাই বেশি হবে। আর এ বছর আগেই যদি পরীক্ষার সময়সূচী জানা দেয়া সম্ভব হয় তবে পরীক্ষার্থীদের উপায়ের সংখ্যা বাড়বেই হবে না।